গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
ক্রীড়া-২ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৭৬

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

বিষয়: **'নতুন কুঁড়ি স্পোর্টস-২০২৬-২০২৭' কর্মসূচিতে ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণা সংক্রান্ত**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে দেশের ক্রীড়া উন্নয়নে বর্তমান সরকারের নির্বাচনী অঙ্গীকার বাস্তবায়নের অংশ হিসেবে দেশের তৃণমূল পর্যায় থেকে ১২-১৪ বছর বয়সী প্রতিভাবান ক্রীড়া শিক্ষার্থীদের অন্বেষণ, বিকাশ এবং ক্রীড়ামুখী মানবসম্পদ গড়ে তোলার লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের উদ্যোগে ক্রীড়া পরিদপ্তরের আয়োজনে "নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি গ্রহণ করা হয়েছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক 'নতুন কুঁড়ি স্পোর্টস' কর্মসূচি ০২ মে ২০২৬ তারিখ সিলেট জেলা স্টেডিয়ামে শুভ উদ্বোধনের বিষয়ে মধ্য দিয়ে সারাদেশে একযোগে এ কর্মসূচির কার্যক্রম শুরু হয়েছে।

০২। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬' কর্মসূচির আঞ্চলিক পর্যায়ে প্রতিযোগিতা সম্পন্ন হয়েছে। জাতীয় পর্যায়ের চূড়ান্ত প্রতিযোগিতা আগামী ১৭ জুলাই ২০২৬ তারিখ ঢাকায় অনুষ্ঠিত হবে। মাননীয় প্রধামন্ত্রীর উপস্থিতিতে আগামী ২৭ জুলাই ২০২৬ তারিখ বিকাল ৪.০০ টায় নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২০২৬' এর সমাপনী ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হতে যাচ্ছে। এ অনুষ্ঠানের মধ্য দিয়ে নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৫-২৬ সমাপ্ত হবে এবং 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' এর ২য় পর্যায়ের প্রতিযোগিতা শুরু হবে। 'নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২৭' আওতায় ১০টি ইভেন্টের প্রতিযোগিতা উপজেলা পর্যায়ে আগামী সেপ্টম্বর ২০২৬ এ শুরু হবে। উক্ত প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনলাইন রেজিস্ট্রেশন এর কার্যকম ০১ জুলাই ২০২৬ হতে ৩১ আগস্ট ২০২৬ পর্যন্ত চলমান থাকবে।

০৩। এমতাবস্থায়, নতুন কুঁড়ি স্পোর্টস ২০২৬-২০২৭ প্রতিযোগিতায় ১২-১৪ বছর বয়সী শিশু কিশোরদের স্বত:স্ফূর্ত অংশগ্রহণ নিশ্চিতকরণে দেশের সকল সরকারি প্রতিষ্ঠানে ব্যাপক প্রচার-প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০-০৬-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ সচিব-এঁর দপ্তর, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

**দৃষ্টি আকর্ষণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ।

**স্মারক নম্বর:** ৩৪.০০.০০০০.০০০.০৮০.৯৯.০০১৬.২৬.২৭৬/১ (৪)

তারিখ: ১৬ আষাঢ় ১৪৩৩ / ৩০ জুন ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**
১। অতিরিক্ত সচিব, ক্রীড়া-২ অনুবিভাগ, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। পরিচালক, ক্রীড়া পরিদপ্তর, আদমজী কোর্ট এনেক্স ভবন-২, মতিঝিল, ঢাকা।
৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩০-০৬-২০২৬
মুঃ গোলাম মোস্তফা
উপসচিব